

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৩৭.০৩.০০০০.০১৬.১৪.০৫১.১৮- ২৫৭

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি.


বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নতুন প্রকল্প প্রণয়নের জন্য টেকনিক্যাল/ভোকেশনাল প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নতুন প্রকল্প প্রণয়নের জন্য সরকারী-বেসরকারী কারিগরি প্রতিষ্ঠানসমূহের একাডেমিক কার্যক্রমসহ অন্যান্য তথ্যাদি প্রয়োজন। এ লক্ষ্যে সংযুক্ত তালিকা অনুযায়ী ১টি কারিগরি প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক আগামী ০৩/০৪/২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হলো। পরিদর্শন প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ সন্নিবেশিত থাকবেঃ

১. প্রতিষ্ঠানের নাম
২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এ্যাফিলিয়েশনের তারিখ
৩. ট্রেড/টেকনোলজিসমূহের নামের তালিকা
৪. ট্রেড/টেকনোলজিভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা (ছাত্র ও ছাত্রীর পৃথক সংখ্যা)
৫. টেকনিক্যাল/ভোকেশনাল শাখার শিক্ষকের সংখ্যা
৬. ট্রেড/টেকনোলজিভিত্তিক ল্যাবের সংখ্যা
৭. প্রতিষ্ঠানের ১টি ও ক্লাস চলাকালীন সময়ের ১টি ছবি
৮. সার্বিক মন্তব্য

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল-৪৯টি)।
২. অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল-৬৪টি)।

অনুলিপি:

- ১। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য]
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭